

# ইইই ডে ২০১৭

গত ২৩ ডিসেম্বর, ২০১৭ ইং তারিখ বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি-এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক বিভাগ কর্তৃক আয়োজিত ইইই ডে ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে গেল অত্র বিশ্ববিদ্যালয়ের মিরপুর রূপনগরস্থ স্থায়ী ক্যাম্পাসে। উক্ত আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট



ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য ডঃ এম এম শহীদুল হাসান। বিশেষ অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বিইউবিটি ট্রাস্টের সম্মানিত চেয়ারম্যান জনাব এ এফ এম সরোয়ার কামাল, বিইউবিটি-এর মাননীয় উপাচার্য অধ্যাপক আবু সালেহ, বিইউবিটি-এর সম্মানিত ট্রেজারার অধ্যাপক এনায়েত হোসেন মিয়া, বিইউবিটি-এর সম্মানিত প্রক্টর অধ্যাপক মিঞা লুৎফার রহমান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক বিভাগের সম্মানিত চেয়ারম্যান এম আজহারুল হক। এছাড়াও উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন বিইউবিটি-এর সম্মানিত এক্সাম কন্ট্রোলার স্যার, সম্মানিত রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন স্যার বৃন্দ, সম্মানিত জয়েন্ট রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের সম্মানিত চেয়ারম্যান বৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা বৃন্দ আর ছাত্র-ছাত্রীরা।

সকল অতিথি-ই উক্ত আয়োজনের প্রশংসা করেন এবং এই আয়োজনের উদ্দেশ্য নিয়ে আলোকপাত করেন। প্রধান অতিথি ছাত্র-ছাত্রীদের সফল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার হবার জন্য অনুপ্রাণিত করেন।

২৩-২৪ ডিসেম্বরের দুই দিন ব্যাপী আয়োজনে প্রজেক্ট প্রদর্শনী, রোবটিক রেস, বিতর্ক প্রতিযোগিতা, রচনা লিখন প্রতিযোগিতা, সেমিনার, এন্টারপ্রেনিউরশিপ প্রোফাইল প্রেজেন্টেশন, মোটিভেশনাল স্পিচ, কম্পিউটার গেমিং কন্টেস্ট, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক অলিম্পিয়াড, এডুকেশনাল ভিডিও প্রদর্শনী স্থান পায়। দুইদিনের আয়োজন শেষে ২৪ ডিসেম্বর, ২০১৭ ইং সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে উক্ত আয়োজনের পরিসমাপ্তি ঘটে।  
উল্লেখ্য সমগ্র আয়োজনই সকল বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীর জন্য উন্মুক্ত ছিল।